ভারতের বাংলাদেশ দূতাবাসে গেলেই গ্রেপ্তার হবেন শেখ হাসিনা: পররাষ্ট্র প্রতিমন্ত্রী



পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। ছবি: সংগৃহীত

ভারতে অবস্থিত বাংলাদেশের যেকোনো কূটনৈতিক মিশনে গেলে শেখ হাসিনাকে গ্রেপ্তার করা হবে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। মঙ্গলবার (২৪ নভেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, বিশ্বের ৮৪টি দেশে বাংলাদেশের কূটনৈতিক মিশন রয়েছে। এসব মিশন বাংলাদেশের ভূখণ্ড হিসেবে বিবেচিত হওয়ায় দেশের বাইরে অবস্থান করলেও সেখানে গেলে সংশ্লিষ্ট ব্যক্তিকে গ্রেপ্তার করা হবে।

ভারতসহ বিভিন্ন দেশে থাকা সাজাপ্রাপ্ত আসামি এবং জুলাই-আগস্টের হত্যাকাণ্ডে জড়িতদের দেশে ফিরিয়ে আনতে প্রত্যর্পণ চুক্তির আওতায় কূটনৈতিক যোগাযোগ চলছে বলেও জানান তিনি।

আগামী ১৬ বা ১৭ ডিসেম্বর শেখ হাসিনার দেশে ফেরার প্রচারণাকে 'রাজনৈতিক স্টান্টবাজি' বলে মন্তব্য করেন শামা ওবায়েদ। তিনি বলেন, দেশে ফিরলে তাঁকে গ্রেপ্তার হয়ে কারাগারে যেতে হবে। আইন নিজস্ব গতিতে চলবে।

প্রতিমন্ত্রী আরও বলেন, জুলাই-আগস্টে হত্যা, গুম ও রক্তপাতের সঙ্গে জড়িত এবং এসব ঘটনার নির্দেশদাতাদের ফিরিয়ে আনতে ভারত সরকারের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে বাংলাদেশ। দেশে ফেরার গুঞ্জনকে আওয়ামী লীগের নেতা-কর্মীদের বিপদে ফেলার কৌশল বলেও মন্তব্য করেন তিনি।

পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নবায়ন বা নতুন করে দেওয়ার বিষয়ে শামা ওবায়েদ বলেন, মানবতাবিরোধী অপরাধে দোষী সাব্যস্ত ও সাজাপ্রাপ্ত ব্যক্তিকে পাসপোর্ট, এনআইডি বা অন্য কোনো নথি দিতে সরকার বাধ্য নয়। এ ক্ষেত্রে সংবিধানের বিধান অনুসরণ করা হবে।